Embassy of the United States of America
Dhaka, Bangladesh
Public Affairs Section

প্রেস বিজ্ঞপ্তি

বাতাসের মান পর্যবেক্ষণ টুইটার হ্যান্ডেল ঘোষণা করল ঢাকাস্থ যুক্তরাষ্ট্র দূতাবাস

ঢাকা, ২৪শে জুলাই, ২০১৯- বাতাসের মান বিষয়ক যুক্তরাষ্ট্রের বিজ্ঞান দূত ড. জেমস জে. শওয়ারের সফর উপলক্ষে যুক্তরাষ্ট্র দূতাবাস এর বাতাসের মান পর্যবেক্ষণের জন্য নতুন টুইটার হ্যান্ডেল ঘোষণা করেছে। তা হচ্ছে @Dhaka_Air।

বাতাসের মান খুবই গুরুত্বপূর্ণ একটি বিষয় যা বাংলাদেশের ঢাকা থেকে শুরু করে যুক্তরাষ্ট্রসহ বিশ্বের সর্বত্র প্রতিটি মানুষের ওপর প্রভাব ফেলে। এটি মানুষের স্বাস্থ্যের প্রতি এক বিশাল ও ক্রমবর্ধমান বৈশ্বিক হুমকি। অর্থনীতির ওপরও এটি বড় ধরনের প্রভাব ফেলতে পারে।

বাতাসের মান ভালো রাখার জন্য সমাধান উদ্ভাবনের ক্ষেত্রে নির্ভরযোগ্য তথ্যউপাত্ত পাওয়া খুবই গুরুত্বপূর্ণ বিষয় যা সিদ্ধান্ত নিতে সহায়তা করবে। আমাদের চারপাশের বাতাসের মান উন্নত করতে নির্ভুল তথ্য নিশ্চিত করা একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। যুক্তরাষ্ট্রের এনভায়রনমেন্টাল প্রটেকশন এজেন্সির (ইপিএ) সঙ্গে অংশীদারত্বের মাধ্যমে পররাষ্ট্র দপ্তর বিশ্বজুড়ে যুক্তরাষ্ট্রের দূতাবাস ও কনস্যুলেটগুলোতে বাতাসের মান পর্যবেক্ষণের যন্ত্র স্থাপন করেছে।

ঢাকার যুক্তরাষ্ট্র দূতাবাস ২০১৬ সালের ফেব্র"য়ারি থেকে এখানে বাতাসের মান পর্যবেক্ষণের যন্ত্র চালু রেখেছে। এর মাধ্যমে বাতাসের মান সম্পর্কে তথ্য সরবরাহ করা হয়ে আসছে যা সবার কাছে সহজলভ্য। এ সংক্রান্ত তথ্যউপাত্ত ইপিএ-র ওয়েবসাইট AirNow.gov website ,যুক্তরাষ্ট্র দূতাবাসের ওয়েবসাইট এবং এখন থেকে নতুন টুইটার হ্যান্ডেল @Dhaka_Air এ পাওয়া যাচ্ছে। বেশ কয়েকটি বাণিজ্যিক স্মার্টফোন অ্যাপেও এ তথ্য ব্যবহার করা হয়।

জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টির জন্য স্বচ্ছ, তাৎক্ষণিক তথ্যউপাত্ত বিনিময় খুবই গুরুত্বপূর্ণ। বিজ্ঞানী ও নীতিনির্ধারকরা এসব উপাত্ত বিশ্লেষণ করে সুচিন্তিত সিদ্ধান্ত নেওয়ার সুযোগ পাবেন। প্রসঙ্গত, যুক্তরাষ্ট্র দূতাবাসের বাতাসের মান পর্যবেক্ষণের তথ্যউপাত্ত বাংলাদেশের বিদম্যান 'ক্লিন এয়ার অ্যান্ড সাসটেনেবল এনভায়রনমেন্ট' (কেস) প্রজেক্ট এবং দেশী ও আন্তর্জাতিক সহযোগীদের মাধ্যমে পাওয়া উপাত্তের অতিরিক্ত।

যুক্তরাষ্ট্র বিভিন্ন ধরনের প্রযুক্তি, নীতি ও গবেষণা বিষয়ক কাজ হাতে নেওয়া ও তা প্রয়োগ করা অব্যাহতভাবে এগিয়ে নিতে বাংলাদেশের সঙ্গে কাজ করতে আগ্রহী। এর মাধ্যমে আমরা আগামীতে বাতাসের মান উন্নত করতে সক্ষম হবো।

==========

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 88-025566-2000
E-MAIL: DhakaMediaRequests@state.gov WEBSITE: https://bd.usembassy.gov/